

নির্বাচনি পরীক্ষাপূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন ০১/২০২০

দ্বাদশ শ্রেণি

বিষয়: বাংলা দ্বিতীয় পত্র (রচনামূলক)

বিষয় কোড: ১০২

সময়: ৪৫ মিনিট

পূর্ণমান: ২০

১. (ক) যেকোনো পাঁচটি শব্দের সঠিক উচ্চারণ লেখো: ০১×০৫ = ০৫

ঐতিহ্য, উচ্চতর, কর্তব্য, পর্যন্ত, বিজ্ঞ, সৃজনশীল, কৃষক

অথবা,

(খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো:

দৈন্যতা, ভৌগলিক, উৎকর্ষতা, লালগোলাপ, প্রাণীবিদ্যা, স্বরস্বতী, অপরাহ্ন।

২. (ক) নিচের রেখাঙ্কিত যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ করো: ০১×০৫ = ০৫

i. পাকা আমটি খাও।

ii. অধিক খাওয়া ঠিক নয়।

iii. মিছিল এগিয়ে চলেছে।

iv. শাবাশ! দারুন খেলেছে ছেলেটি।

vi. দু:খ বিনা সুখ লাভ হয় কি মহীতে?

vii. যথা ধর্ম তথা জয়।

viii. সে কোথায় গিয়েছে?

অথবা,

(খ) নিচের রেখাঙ্কিত যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ করো:

আজ বিকেলে আমরা তিন বন্ধু গাঁয়ের মেঠোপথ ধরে হাঁটছিলাম। হঠাৎ দেখি, এক মস্তবড় সাপ ফণা তুলে দ্রুতগতিতে আমাদের দিকে তেড়ে আসছে। আমরা তিনজনই খুব ভয় পেয়ে গেলাম। আহ! কী বিপদেই না পরেছিলাম। সুমন রাস্তার ধারে পরে থাকা গাছের একটি মোটা ডাল হাতে তুলে নিল। সাপটি ভয়ে আমাদের দিকে না এসে সোজা ঘনজঙ্গলে ঢুকে পড়লো।

৩. (ক) বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের সাম্প্রতিক প্রভাব সম্পর্কে দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ রচনা করো। ১০

অথবা,

(খ) খাদ্য দ্রব্যে ভেজাল মিশ্রণের বিষয়ে একটি অনুসন্ধানী প্রতিবেদন প্রস্তুত করো।